# বাইরে খাবার জায়গার চারপাশে ইঁদুরের দৌরাত্ম কীভাবে কমাবেন

আপনার রেস্তোরাঁ যদি বাইরে খাবার বন্দোবস্ত রাখে, তাহলে আপনাকে ইঁদুর ও অন্যান্য কীটপতঙ্গের দৌরাত্ম নিয়ন্ত্রণের জন্য ব্যবস্থা নিতেই হবে। খাবার স্থানগুলোর চারপাশে ইঁদুরের দৌরাত্ম বন্ধ করাটা সংশ্লিষ্ট রেস্তোরাঁরই দায়িত্বের মধ্যে পড়ে, সংলগ্ন রাস্তার গাছপালার নিচে তৈরি করা ইঁদুরের বাসাগুলির (যাকে ইঁদুরের গর্তও বলে) ব্যবস্থা করা সমেত। আপনার খাবার স্থান ও যে কোন রাস্তার গাছপালার চারিপাশ ইঁদুরমুক্ত রাখার জন্য নিচের নিচের এই উত্তম কার্যাভ্যাসগুলিকে অনুসরণ করুন।

## রোজ পরিষ্কার করুন

- খাবার উচ্ছিষ্ট দ্রুত পরিষ্কার করে সেগুলির নিষ্পত্তি করুন। বেঁচে থাকার জন্য ইঁদুরদের রোজ এক আউন্স পরিমাণ খাবার পেলেই যথেষ্ট, তাই খুব ভালভাবে পরিষ্কার করতে ভুলবেন না। মনে রাখবেন, আপনার বাইরে খাবার স্থানে কীটপতঙ্গ সংক্রান্ত পরিচ্ছন্নতার উল্লঙ্ঘনের বিষয়টি আপনার স্থান পরিদর্শনের মানের সাথে যুক্ত হয়।
- বাইরে খাবার সমস্ত জায়গাটা ভাল করে ধুয়ে ফেলুন, নিচের ও উত্থিত বেদি জাতীয় কিছু থাকলে সেগুলি সমেত। সেই সঙ্গে, প্রতি রাত্রে রেস্তোরাঁ বন্ধ করার পর এবং আপনার পরের দিন খোলার আগে আপনার রেস্তোরাঁর চারিপাশের হাঁটাপথগুলি আনাচ-কানাচগুলিকে সাবান জল দিয়ে অথবা 10 % ব্লিচের মিশ্রণ (2 গ্যালন জলে 1 কাপ ব্লিচ) ব্যবহার করে ভাল করে ধুয়ে ফেলতেও ভুলবেন না। নির্দিষ্ট এই ব্লিচের মিশ্রণের ফর্মুলা খাদ্যের সংস্পর্শে আসে এমন তলগুলির জন্য ব্যবহার করা যাবে না।
- কাঠামোর নিচগুলিতে জোরে জলের ছিঁটে দিয়ে ধুয়ে ফেলুন যাতে সেখানে ইঁদুর বা তাদের বাসা থাকলে তা জলে ধুয়ে বেরিয়ে যায়।
- জমা জল থাকলে তা পরিষ্কার করে ফেলুন।

## আবর্জনা নিষ্পত্তিকরণ

- খুব শক্তপোক্ত প্লাস্টিকের ব্যাগে পুরে সেগুলিকে আবর্জনার পাত্রে রাখুন। প্রতিটা ব্যাগের নিচে ও উপরে একটা করে 10% ব্লিচের মিশ্রণে ভেজানো নেকড়া রাখুন আর তারপর সেগুলিকে শক্ত করে বেঁধে দিন যাতে তা থেকে কিছু চুঁয়ে বাইরে না বেরিয়ে আসে।
- আবর্জনা তোলার আগে অবধি আবর্জনা জমা রাখার জন্য আপনার কাছে যেন পর্যাপ্ত পরিমাণে আবর্জনা রাখার পাত্র থাকে এবং তার উপরের ঢাকনাটি যেন শক্তি করে বসে তা নিশ্চিত করুন।
- আবর্জনাগুলিকে যতটা সম্ভব আবর্জনা তোলার সময়ের ঠিক আগে-আগেই যথাস্থানে নিয়ে আসুন। আবর্জনা ও পুনঃচক্রীকরণের বস্তুগুলি আবর্জনা রাখার স্থানে দুই ঘন্টার বেশি সময় ধরে পড়ে থাকা উচিৎ নয়। আবর্জনা রাখার স্থানে আবর্জনা পড়ে থাকা সময় ও ফলত ইঁদুরদের জন্য তা সুলভ করে দেওয়া কমাতে আপনার আবর্জনা অপসারণকারী সংস্থার সাথে কথা বলে নির্দিষ্ট সময় ঠিক করে নিন।

**রোজ তদারকি করুন**

- বাইরে খাবার স্থান, আবর্জনা রাখার স্থান, গাছের টব ও রাস্তার গাছপালাগুলিকে রোজ তদারকি করুন যাতে সেগুলি পরিষ্কার থাকা এবং খাবারের উচ্ছিষ্ট বা ইঁদুরের লক্ষণ না থাকা নিশ্চিত করা যায়।
- আপনার খাবার স্থানের চালা বা গুমটির নিচে টচ ফেলে পরীক্ষা করুন।
- আপনি যদি সেখানে ইঁদুরের গতিবিধি লক্ষ্য করেন, যেমন ইঁদুরের বিষ্ঠা বা গর্ত, তাহলে আপনার কীটপতঙ্গ নিয়ন্ত্রণকারী পেশাদারের সাথে কথা বলুন এবং গোটা কাঠামোটাকে ভাল করে সার্ভিস করিয়ে নিন।

**একজন লাইসেন্সপ্রাপ্ত কীটপতঙ্গ নিয়ন্ত্রণকারীকে কাজে রাখুন**

- রেস্তোরাঁর মালিকদের তাদের রেস্তোরাঁর মধ্যে কীটপতঙ্গ নিয়ন্ত্রণের জন্য একজন লাইসেন্সপ্রাপ্ত কীটপতঙ্গ নিয়ন্ত্রণকারীর সাথে যোগাযোগ রেখে চলা আবশ্যক। আপনার বাইরের খাবার স্থানগুলিতে ইঁদুরের দৌরাত্ম নিয়ন্ত্রণের জন্য একজন কীটপতঙ্গ নিয়ন্ত্রণকারী পেশাদারকে দিয়ে কাজ করান।
- আপনি যে কোম্পানিকে নিয়োগ করছেন তারা যেন নিউ ইয়র্ক রাজ্যের পরিবেশরক্ষা দপ্তর (Department of Environmental Conservation, DEC) দ্বারা লাইসেন্সপ্রাপ্ত হয় তা নিশ্চিত করুন। যাচাই করে নেবার জন্য কল করুন, 718-482-4994 নম্বরে অথবা **dec.ny.gov** দেখুন।
- কীটপতঙ্গ নিয়ন্ত্রণকারী পেশাদারের সাথে সম্মিলিতভাবে কাজ করুন, তাকে পরিষ্কার করে বুঝিয়ে দিন আপনি ঠিক কী চান এবং তার কাজকর্মের তদারকি করুন। রেস্তোরাঁর মালিকের উচিৎ কীটপতঙ্গ নিয়ন্ত্রণকারী পেশাদারের সাথে নিবিড়ভাবে তার বাইরে খাবার স্থানগুলিকে পরিদর্শন করা এবং ইঁদুর নির্মূল করার ব্যাপারে তার সাথে সম্মিলিতভাবে কাজ করা, প্রতিবার যখন তারা কাজে আসবেন।
- ইঁদুর যদি খাবার স্থানের কাঠামোগুলির কাছাকাছি গর্ত তৈরি করে বা বসবাস করে, তাহলে আপনাকে **অবশ্যই বাইরে খাবার পরিবেশন করা বন্ধ রাখতে হবে**, ততদিন অবধি যতদিন না আপনার কীটপতঙ্গ নিয়ন্ত্রণকারী পেশাদার সেখান থেকে ইঁদুর নির্মূল করছেন এবং স্থানটিকে পরিষ্কার-পরিচ্ছন্ন করে তুলছেন। এছাড়াও আপনি ওই স্থানে নতুন করে খাদ্য পরিবেশনের কাজ শুরু করার আগে স্থানটিকে নতুন করে তৈরি করে নিতেও পারেন।
- আপনার যদি একটি উত্থিত বেদি জাতীয় কিছু থাকে, তাহলে কীটপতঙ্গ নিয়ন্ত্রণকারী পেশাদারকে দিয়ে তার চারপাশে হস্তক্ষেপ-রোধী ইঁদুরকল বসাতে বলতে পারেন যাতে ওই স্থানের চারপাশে ইঁদুরের গতিবিধি হচ্ছে কিনা তা নজর রাখা যায়। অনিরাপদ ইঁদুরকল বা ইঁদুর মারা পাউডার ব্যবহার করা নিষিদ্ধ, কারণ তাতে ওই বস্তুগুলিকে ইঁদুর মুখে করে নিয়ে খাবার পরিবেশনের বাকি স্থানগুলিতে ছড়িয়ে দিয়ে দূষিত করে তুলতে পারে।

**রেস্তোরাঁ সংলগ্ন রাস্তাগুলিতে থাকা গাছপালা থেকে ইঁদুর দূরে রাখুন**

- Open Restaurant (খোলা পরিবেশে রেস্তোরাঁ) কার্যক্রমের নিয়মাবলী (যা যোগ্যতাসম্পন্ন রেস্তোরাঁ ও বারগুলিকে তাদের একাংশ খোলা আকাশের নিচে প্রসারিত করার সুযোগ দেয় যেখানে রেস্তোরাঁর মধ্যেকার পার্শ্ববর্তী রাস্তায়, পাশের বাঁধানো রাস্তায়, রেস্তোরাঁর পিছনের

বাগানে, বাইরের বাগানে, শহরের চত্বরে এবং খোলা রাস্তায় বসা যায়) খাবার জায়গাগুলিকে ঢাকা, চালা দেওয়া বা রাস্তার গাছপালার সংস্পর্শে আসা, অথবা শহরের গাছপালাগুলির এক ফুটের মধ্যে থাকার মতো বিষয়গুলিকে নিষিদ্ধ করে। আপনার বাইরে খাবার পরিবেশনের কাঠামোটি রাস্তার গাছপালার ঠিক পাশে থাকলে তা ইঁদুরের গতিবিধিকে উৎসাহিত করে এবং গাছেরও ক্ষতি করতে পারে। আপনার খাবার পরিবেশনের কাঠামোটি যদি আগে থেকেই কোন গাছের কাছাকাছি থাকে, তাহলে ইঁদুরের দৌরাত্ম আটকাতে ও গাছপালার সুরক্ষার জন্য আপনাকে অবশ্যই পদক্ষেপ নিতে হবে।

- রাস্তার গাছপালায় যদি ইঁদুরের গর্ত থাকে, তাহলে আপনার কীটপতঙ্গ নিয়ন্ত্রণকারী পেশাদারকে দিয়ে সেগুলির ব্যবস্থা নিন বা হস্তক্ষেপ-রোধী ইঁদুরকল বসান।
- গাছের গোড়ার প্রবেশযোগ্য গর্তের মুখে হার্ডওয়্যারের কাপড় (1/2-ইঞ্চি জাল; 16 গজ গ্যালভানাইজ করা) বসানো যেতে পারে যাতে পরিষ্কার-পরিচ্ছন্ন করার পর ইঁদুরের আবার তাদের গর্তে এসে প্রবেশ করা আটকানো যায়। মুরগির খাঁচার তার (chicken wire) ব্যবহার করবেন না — ইঁদুর সহজেই সেগুলির মধ্যে দিয়ে যেতে-আসতে পারে।
  - এই কাজের জন্য NYC উদ্যান ও বিনোদনস্থল বিষয়ক দপ্তর (NYC Department of Parks and Recreation) থেকে একটি গাছের কাজ করার অনুমতিপত্রের দরকার হয়। এই অনুমতিপত্রের জন্য আবেদন করতে **nycgovparks.org/services/forestry/forestry-application** দেখুন।
- সিমেন্ট, কাঁচ বা এমন কোন বিপজ্জনক জিনিস গাছের গোড়ায় ব্যবহার করবেন না যা গাছটির ক্ষতি করতে পারে বা ইঁদুর তার নিচ দিয়ে গর্ত তৈরি করে নিতে পারে। গাছের গোড়ায় সিমেন্টের চাতাল তৈরি করে দেওয়া কঠোরভাবে নিষিদ্ধ।
- গাছের চারপাশটা ঘন-ঘন পরিষ্কার করুন এবং গাছের গোড়ায় বা তার আশেপাশে কখনই আবর্জনা রাখবেন না।
- আপনার বাইরে খাবার পরিবেশনের স্থানটিকে Open Restaurant সংক্রান্ত নিয়মাবলীর অনুবর্তী করে তোলার জন্য তাকে সরিয়ে নিন বা তাতে ফের-বদল করে নিন যদি আপনার খাবার জায়গাগুলিকে ঢাকা, চালা দেওয়া থাকে বা রাস্তার গাছপালার সংস্পর্শে আসে, অথবা শহরের গাছপালাগুলির এক ফুটের মধ্যে থাকে।

**<u>আপনার খাবার পরিবেশনের কাঠামোগুলিকে কীটপতঙ্গ থেকে দূরে রাখার তৈরি বা পুনঃনির্মাণ করুন</u>**

- খাবার পরিবেশনের কাঠামোয় থাকা যে কোন খালি স্থান হয়ে উঠতে পারে ইঁদুরদের "আশ্রয়স্থল" — এমন স্থান যেখানে ইঁদুর লুকায় বা বাসা তৈরি করে। খালি স্থানের মধ্যে খাবার পরিবেশনের কাঠামোর নিচে ফাঁক থাকা এবং দুই দেওয়ালের মধ্যেকার ফাঁকা স্থান, যদি তাতে খালি অংশ থাকে, ইত্যাদি অন্তর্ভুক্ত থাকে। কীটপতঙ্গ নিয়ন্ত্রণের জন্য, এই সব স্থানগুলি যেন সহজেই পরিদর্শন ও পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার মতো করে তৈরি করা হয়। আপনার কাঠামোটি এমনভাবে তৈরি করুন বা পুনঃনির্মাণ করুন যাতে সহজেই মেঝে ও দেওয়ালের খালি জায়গাগুলিতে নাগাল পাওয়া যায়:
  - বসার স্থানের মেঝের নিচে দিয়ে নিকাশী ব্যবস্থা রাখুন। খাবার পরিবেশনের কাঠামো যেমন এমনভাবে তৈরি না করা হয় যাতে তা বৃষ্টির জল দেওয়ালের কোণে জমা

করে তা তার উপর দিয়ে বয়ে যায়।
- ○ বেদিতে উপর দিকে খোলা যায় এমন কব্জাযুক্ত দরজা লাগান যাতে সহজেই কাঠামোটি পরিদর্শন করা যেতে পারে।
- ○ আচ্ছাদন ও দেওয়ালের মধ্যে মোটামুটি 16 ইঞ্চি উচ্চতার খোলা স্থান রাখুন।
- ○ খাবার পরিবেশনের কাঠামোর চারিপাশের গাছের টবগুলিতে যদি ইঁদুরের গর্ত থাকে, তাহলে ওই টবগুলি থেকে মাটি ও ইঁদুরের বাসার জিনিসগুলিকে ফেলে দিন এবং সেটিকে জলপূর্ণ পাত্র বা অন্তরায়ের মধ্যে বসান।
- ○ মাটি বা সেই সব জিনিসপত্র নিয়ে কাজ করার সময় আপনি ও আপনার কর্মীদের সবসময় জল-প্রতিরোধী দস্তানা পরে কাজ করা ও বারবার করে হাত ধোওয়ার বিষয়টি নিশ্চিত করবেন কারণ এই জিনিসগুলি ইঁদুরের মল ও মূত্রে দূষিত থাকতে পারে। আপনার কর্মচারিদের এই ধরনের দস্তানা দিন।

**<u>সংস্থানসমূহ</u>**

- রেস্তোরাঁগুলিতে কীটপতঙ্গের প্রাদুর্ভাব রোধ সংক্রান্ত আরও বিস্তারিত তথ্যের জন্য:
  - **https://www1.nyc.gov/site/doh/business/permits-and-licenses/rats-business-owner.page**
- প্রতিরোধ ও নিয়ন্ত্রণ সংক্রান্ত বিনামূল্যের প্রশিক্ষণের জন্য:
  - Rat Information Portal (ইঁদুর সংক্রান্ত তথ্যের পোর্টাল): **nyc.gov/rats**
  - Rat Academy Training (র‍্যাট অ্যাকাডেমি ট্রেইনিং): **https://www1.nyc.gov/site/doh/services/rats-control-training.page**
- Open Restaurants সম্পর্কে আরও জানুন:
  - **nyc.gov/openrestaurants**